রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**বুধবার, আগস্ট ২৩, ২০২৩**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়**
**আইন ও বিচার বিভাগ**
**বিচার শাখা-৪**

**প্রজ্ঞাপন**

তারিখ : ০৮ ভাদ্র, ১৪৩০ বঙ্গাব্দ/২৩ আগস্ট, ২০২৩ খ্রিষ্টাব্দ

**এস. আর. ও. নং ২৫৪-আইন/২০২৩।**—State Acquisition and Tenancy Act, 1950 (Act No. XXVIII of 1951) এর section 145A এর sub-section (1) ও (2) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার নিম্নবর্ণিত টেবিলের কলাম (২) এ উল্লিখিত ল্যান্ড সার্ভে ট্রাইব্যুনালসমূহ প্রতিষ্ঠা করিল এবং উক্ত ল্যান্ড সার্ভে ট্রাইব্যুনালসমূহের বিপরীতে কলাম (৩) এ উল্লিখিত জেলা সংশ্লিষ্ট ট্রাইব্যুনালের স্থানীয় অধিক্ষেত্র হিসাবে নির্ধারণ করিল, যথা :—

**টেবিল**

| ক্রমিক নং | ল্যান্ড সার্ভে ট্রাইব্যুনালের নাম | স্থানীয় অধিক্ষেত্র |
|---|---|---|
| (১) | (২) | (৩) |
| ১। | ল্যান্ড সার্ভে ট্রাইব্যুনাল, ঢাকা | ঢাকা জেলা |
| ২। | ল্যান্ড সার্ভে ট্রাইব্যুনাল, গাজীপুর | গাজীপুর জেলা |
| ৩। | ল্যান্ড সার্ভে ট্রাইব্যুনাল, নরসিংদী | নরসিংদী জেলা |
| ৪। | ল্যান্ড সার্ভে ট্রাইব্যুনাল, নারায়ণগঞ্জ | নারায়ণগঞ্জ জেলা |
| ৫। | ল্যান্ড সার্ভে ট্রাইব্যুনাল, মুন্সীগঞ্জ | মুন্সীগঞ্জ জেলা |
| ৬। | ল্যান্ড সার্ভে ট্রাইব্যুনাল, মানিকগঞ্জ | মানিকগঞ্জ জেলা |

| ক্রমিক নং | ল্যান্ড সার্ভে ট্রাইব্যুনালের নাম | স্থানীয় অধিক্ষেত্র |
|---|---|---|
| ৭। | ল্যান্ড সার্ভে ট্রাইব্যুনাল, দিনাজপুর | দিনাজপুর জেলা |
| ৮। | ল্যান্ড সার্ভে ট্রাইব্যুনাল, ঠাকুরগাঁও | ঠাকুরগাঁও জেলা |
| ৯। | ল্যান্ড সার্ভে ট্রাইব্যুনাল, পঞ্চগড় | পঞ্চগড় জেলা |
| ১০। | ল্যান্ড সার্ভে ট্রাইব্যুনাল, চট্টগ্রাম | চট্টগ্রাম জেলা |
| ১১। | ল্যান্ড সার্ভে ট্রাইব্যুনাল, কক্সবাজার | কক্সবাজার জেলা |
| ১২। | ল্যান্ড সার্ভে ট্রাইব্যুনাল, পটুয়াখালী | পটুয়াখালী জেলা |
| ১৩। | ল্যান্ড সার্ভে ট্রাইব্যুনাল, বরগুনা | বরগুনা জেলা |

২। এই প্রজ্ঞাপন জারির সঙ্গে সঙ্গে ২৭ আশ্বিন ১৪২৭ বঙ্গাব্দ মোতাবেক ১২ অক্টোবর ২০২০ খ্রিষ্টাব্দ তারিখের প্রজ্ঞাপন এস, আর, ও নং ২৭১-আইন/২০২০ রহিত হইবে এবং উক্ত প্রজ্ঞাপন দ্বারা প্রতিষ্ঠিত ল্যান্ড সার্ভে ট্রাইব্যুনাল, ঢাকা মহানগর বিলুপ্ত হইবে।

৩। অনুচ্ছেদ ২ এর অধীন বিলুপ্তকৃত ল্যান্ড সার্ভে ট্রাইব্যুনাল, ঢাকা মহানগর-এ বিচারাধীন সকল মামলা এই প্রজ্ঞাপন দ্বারা প্রতিষ্ঠিত ল্যান্ড সার্ভে ট্রাইব্যুনাল, ঢাকা'য় বিচারাধীন মামলা হিসাবে বদলী হইবে এবং উক্ত বদলীকৃত মামলাসমূহ বিলুপ্তকৃত ট্রাইব্যুনালে যে পর্যায়ে বিচারাধীন ছিল সেই পর্যায় হইতে বদলীকৃত ট্রাইব্যুনালে এমনভাবে চলমান, অব্যাহত ও বিচারাধীন থাকিবে যেন উক্ত মামলাসমূহ বদলীকৃত ট্রাইব্যুনালে দায়ের করা হইয়াছিল।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ আব্দুল্লাহ-আল-মাসুম**
সিনিয়র সহকারী সচিব।

মোঃ তাজিম-উর-রহমান, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
ব্রেনজন চাম্বুগং, উপপরিচালক (উপসচিব) (অতিরিক্ত দায়িত্ব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd